



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd/](http://www.iresppw-brdb.gov.bd/) Fax-8189029


স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১২- ২১৬৫

তারিখঃ ১৫/৯/২০১৪ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ সাপ্তাহিক আদায় শীট (WCS) ব্যবহার নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারপ্রাপ্ত নারীর ক্ষমতায়ন, পল্লী উন্নয়ন ও দরিদ্র বিমোচন প্রকল্প। প্রকল্পভুক্ত সুফলভোগীদের বিভিন্ন আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণ পরবর্তি ঋণ সহায়তা কার্যক্রম পরিচালিত হচ্ছে। সুফলভোগীদের সঞ্চয় জমা ও ঋণ কার্যক্রমের তথ্য সংরক্ষণ করতে আবশ্যিকভাবে সদস্য পাশবহি ও সাপ্তাহিক আদায় শীট (WCS) ব্যবহার এবং সময়ে সময়ে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন অফিসার ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কর্তৃক উহা যাচাই করার জন্য ইতিপূর্বে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু গভীর উদ্বেগের সহিত লক্ষ করা যাচ্ছে যে, কোন কোন উপজেলায় বর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন না করায় প্রকল্পের ঋণ কার্যক্রমে অনাকাঙ্ক্ষিত জটিলতার আশঙ্কা সৃষ্টি হচ্ছে। উপজেলা পর্যায়ে দুর্বল মনিটরিং এর কারণে মাঠ সংগঠকগণ সাপ্তাহিক আদায় শীট (WCS) যথাযথভাবে ব্যবহার না করে ঋণের কিস্তি আদায় করছে এবং ক্ষেত্রমতে টাকা ব্যংকে জমা না করে হস্তমজুদ করছে। আবার কোন কোন উপজেলায় মাঠসংগঠক ও প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন অফিসারের পারস্পারিক যোগসাজসে নানারূপ আর্থিক অনিয়ম সংগঠিত হচ্ছে। এরূপ প্রেক্ষাপটে প্রকল্পের ঋণ কার্যক্রমে আর্থিক অনিয়ম প্রতিরোধ কল্পে সাপ্তাহিক আদায় শীট (WCS) ব্যবহার বাধ্যতামূলক করার বিষয়টি কঠোর ভাবে মনিটরিং করা প্রয়োজন। এ ক্ষেত্রে পূর্ববর্তী মাসের সাপ্তাহিক আদায় শীট (WCS) দাখিল না করা পর্যন্ত সংশ্লিষ্ট মাঠ সংগঠকের বেতন ভাতা প্রদান স্থগিত রাখতে হবে। সেই সাথে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার মাধ্যমে প্রতি মাসে পর্যায়ক্রমে ব্যবহৃত সাপ্তাহিক আদায় শীট (WCS) ও সদস্যদের পাশ বই যাচাই এর ব্যবস্থা করতে হবে।

এমতাবস্থায়, প্রকল্পের ঋণ কার্যক্রমে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নসহ অনাকাঙ্ক্ষিত আর্থিক অনিয়ম প্রতিরোধ কল্পে বাধ্যতামূলক ভাবে সাপ্তাহিক আদায় শীট (WCS) ব্যবহার নিশ্চিত করতে বলা হলো। সেই সাথে যে সকল মাঠ সংগঠক সাপ্তাহিক আদায় শীট (WCS) ব্যবহার করছে না তাদের বেতনভাতা স্থগিত রাখতে আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

  
১৫/০৯/১৪  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)

বিআরডিবি, ঢাকা।

ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,

উপজেলাঃ -----,

জেলাঃ-----।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা :-----।
২. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), উপজেলা.....জেলা.....।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস কপি।